দৈনিক সংবাদ ৯৮

তারিখ MAY 26 1999
পৃষ্ঠা ৭ কলাম ৭

### ভালুকা থানার নিরক্ষরতা দূরীকরণ

# 'জাগ্রত ময়মনসিংহ'র ব্যাপক কর্মসূচি গ্রহণ

ভালুকা (ময়মনসিংহ) থেকে থানা প্রতিনিধি ঃ ময়মনসিংহ জেলার ভালুকা থানায় জেলা প্রশাসনের উদ্যোগে "জাগ্রত ময়মনসিংহ" নিরক্ষরতা দূরীকরণে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। স্থানীয় প্রশাসন সরকারি দায়িত্বের পাশাপাশি এ কর্মসূচি বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। প্রশাসনের একটি সূত্র থেকে জানা গেছে, ভালুকা থানায় "জাগ্রত ময়মনসিংহ"-এর আওতায় ৬৩ হাজার ৩ শ' ৮ জন নারী-পুরুষকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করে অক্ষর জ্ঞানসম্পন্ন করবে। এ কর্মসূচি বাস্তবায়নে থানার ১১টি ইউনিয়নে ২ হাজার ২শ' ২২টি শিক্ষা উপকেন্দ্র চালু করা হয়েছে। তার মধ্যে পুরুষ কেন্দ্রের সংখ্যা ৯শ' ৯৮টি, মহিলা কেন্দ্রের সংখ্যা ১ হাজার ২৪টি। পুরুষ কেন্দ্রে ৩১ হাজার ৬শ' ৫০ জন পুরুষ এবং মহিলা কেন্দ্রে ৩১ হাজার ৬শ' ৫৮ জন মহিলাকে এই কর্মসূচির অন্তর্ভুক্ত করা হয়েছে।

থানার ১১টি ইউনিয়নের মধ্যে ১নং উথুরা ইউনিয়নে ১শ' ২৩টি, ২নং মেদুয়ারীতে ১শ' ৭৬টি, ৩নং ভরাডুবা ইউনিয়নে ১শ' ৯৫টি, ৪নং ধীতপুর ইউনিয়নে ৭৯টি, ৫নং বিরুনিয়া ইউনিয়নে ৮৪টি, ৬নং ভালুকা ইউনিয়নে ১শ' ৫টি, ৭নং মল্লিকবাড়ী ইউনিয়নে ২শ' ৩০টি, ৮নং ডাকাতিয়া ইউনিয়নে ২শ' ৬২টি, ৯নং কাচিনা ইউনিয়নে ২শ' ৪৯টি, ১০নং হবিরবাড়ী ইউনিয়নে ২শ' ৬৯টি ও ১১নং রাজৈ ইউনিয়নে ২শ' ৫০টি শিক্ষা উপকেন্দ্রের স্কুল স্থাপন করা হয়েছে।

প্রকাশ, ভালুকা থানায় "জাগ্রত ময়মনসিংহ" ছাড়াও বিভিন্ন এনজিও এ কর্মসূচি গ্রহণ করেছে। সত্যিকার অর্থে এ কর্মসূচি সুফলভাবে বাস্তবায়িত হলে ভালুকায় নিরক্ষরতার হার অনেক কমে যাবে এবং শিক্ষার হার উল্লেখযোগ্য হার বৃদ্ধি পাবে।